

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাণিজ্য মন্ত্রণালয়

রপ্তানি-৭ অধিশাখা

www.mincom.gov.bd

নং-২৬.০০.০০০০.১০৬.৮৬.০৮৬.১৪/ ২০৬


তারিখঃ ১৯ আষাঢ় ১৪২৪
০৩ জুলাই ২০১৭

বিষয়ঃ “ইন্ডিয়া হেলথ প্লাস” শীর্ষক প্রদর্শনী আয়োজনের অনুমতি।

মেসার্স অনন্ত ইভেন্টস এন্ড এন্টারটেইনমেন্ট -এর উদ্যোগে আগামী ২৪-২৬ আগস্ট ২০১৭ সময়ে ইন্টারন্যাশনাল কনভেনশন সিটি বসুন্ধরা ঢাকায় “ইন্ডিয়া হেলথ প্লাস” শীর্ষক মেলা নিম্নোক্ত শর্তে আয়োজনের অনুমতি প্রদান করা হলোঃ

শর্তাবলি:

- ক. আমদানি নিষিদ্ধ বা অবৈধ পণ্য মেলায় প্রদর্শন ও বিক্রয় করা যাবে না এবং মেলায় প্রদর্শিত পণ্য/সামগ্রী মেলা আয়োজনের উদ্দেশ্যের সঙ্গে সংগতিপূর্ণ হতে হবে;
 - খ. মেলায় অশালীন/অসামাজিক/অবৈধ কার্যক্রম পরিচালিত হতে পারবে না;
 - গ. জনগণের ধর্মীয় অনুভূতিতে আঘাত করে এমন কোন কার্যক্রম বা বাংলাদেশের ইতিহাস, ঐতিহ্য, কৃষ্টি ও সামাজিক রীতি নীতি পরিপন্থি কোন কিছু প্রদর্শন করা যাবে না;
 - ঘ. মেলা আয়োজনের নিমিত্ত মাঠ/স্থান ব্যবহারের জন্য উপযুক্ত কর্তৃপক্ষ হতে পৃথকভাবে অনুমতি গ্রহণ করতে হবে;
 - ঙ. আমদানি নিষিদ্ধ নয় এমন কোন বিদেশী পণ্য/যন্ত্রপাতি/সরঞ্জাম মেলায় প্রদর্শন/বিক্রয়ের প্রয়োজন হলে উক্ত বিদেশি পণ্য/যন্ত্রপাতি /সরঞ্জাম বিদ্যমান “আমদানি নীতি আদেশ” অনুসরণ করে আমদানি করতে হবে;
 - চ. স্থানীয় প্রশাসন এবং আইন শৃঙ্খলা বাহিনীকে অবগত রেখে মেলা পরিচালনা করতে হবে এবং মেলার আয়োজক কর্তৃক নিজ উদ্যোগে মেলার আইন শৃঙ্খলা রক্ষা করতে হবে;
 - ছ. মেলা অনুষ্ঠানের অনুমতি প্রদানের পর অথবা মেলা চলাকালীন সময়ে প্রয়োজনে মেলা অনুমোদনকারী কর্তৃপক্ষ কোন প্রকার কারণ দর্শানো ব্যতীত মেলার সময়সূচি পরিবর্তন বা মেলার সকল কার্যক্রম বন্ধ রাখার এখতিয়ার সংরক্ষণ করবে; এবং
 - জ. বাণিজ্য মন্ত্রণালয়ের অনুমতি ব্যতীত মেলার সময়সীমা বর্ধিত করা যাবে না।
- ২। বাণিজ্য মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত প্রদর্শনী আয়োজনে আইনানুগ সহযোগিতা প্রদান করতে সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।


(রুখানা হাসিন)
যুগ্মসচিব

ফোনঃ ৯৫৪৯৬২৬

export7@mincom.gov.bd

জনাব আতাউর রহমান

সমন্বয়ক

মেসার্স অনন্ত ইভেন্টস এন্ড এন্টারটেইনমেন্ট

লেভেল-৭, স্যুট-২, এ কে কমপ্লেক্স,

১৯ গ্রীণ রোড, ধানমন্ডি, ঢাকা-১২০৫

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

১. চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, সেগুন বাগিচা ঢাকা।
২. প্রধান নিয়ন্ত্রক, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের কার্যালয়, ১১১-১১৩, মতিঝিল বা/এ, ঢাকা।
৩. জেলা প্রশাসক, ঢাকা।
৪. ঢাকা মেট্রোপলিটন পুলিশ কমিশনার, ৩৬ শহীদ ক্যাপ্টেন মনসুর আলী সরণী, রমনা, ঢাকা-১০০০।
৫. ভারপ্রাপ্ত সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ✓ ৬. জনাব আবু সালেহ মোহাম্মদ ইমরান, সদস্য সচিব, ওয়েবসাইট ও ট্রেড পোর্টাল হালনাগাদকরণ কমিটি, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পত্রটি বাণিজ্য মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৭. সভাপতি, এফবিসিসিআই, ৬০, মতিঝিল বা/এ, ঢাকা।